

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট  
শিক্ষাভবন, ঢাকা

বিষয়: জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়ন ২০২১-২০২২ এর ২য় ত্রৈমাসিক (এপ্রিল/২১-ডিসেম্বর/২১) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

অদ্য ২৮ ডিসেম্বর ২০২১ তারিখ বেলা ১১.০০টায় জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়ন ২০২১-২০২২ এর ২য় ত্রৈমাসিক নৈতিকতা কমিটির সভা জনাব মোঃ আবু বকর সিদ্দিক (অতিরিক্তসচিব), মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।


২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনাপূর্বক বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাতে নিম্নলিখিত সিদ্ধান্তগৃহীত হয়:

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।	বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা করা হয়।	গত ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর ১ম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা
২.	জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর বাস্তবায়ন অগ্রগতি।	সভায় জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এ উল্লিখিত কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উপ-পরিচালক (অর্থ ও হিসাব) জাতীয় শূদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ এর বাস্তবায়ন অগ্রগতিতে মন্ত্রণালয় কর্তৃক মূল্যায়ন প্রক্রিয়ায় এ দপ্তরের প্রাপ্ত নম্বর অনেক কম। বিষয়টি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এরপর সভায় জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রম ১ থেকে ১৭ ক্রমিকে বর্ণিত সকল কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়।	ক) পূর্বের বছরের তুলনায় অগ্রগতির উন্নয়ন করতে হবে। খ) কার্যক্রম বাস্তবায়ন অনুযায়ী দালিলিক প্রমানাদির বিষয়ে আরও যত্নবান হতে হবে। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তাগণ
৩.	কর্মকর্তা-কর্মচারীদের শূদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন;	জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১ম ও ৩য় কোয়ার্টারে প্রাতিষ্ঠানিক ব্যবস্থার ১.৪ অনুচ্ছেদ অনুযায়ী শূদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন পরিকল্পনা রয়েছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনাতে লক্ষ-মাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে শূদ্ধাচার চর্চা ও শূদ্ধাচার বাস্তবায়ন	ক) ২য় কোয়ার্টারে ইউনিটের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে শূদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ পরিচালক (সকল)

১

		নিম্নে সভায় আলোচনা করা হয়।		
৪.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন/সেবা গ্রহীতাদের অংশগ্রহণে সভা।	সভায় বর্ণিত বিষয়ে আলোচনায় জানান হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২এর এ উল্লিখিত ১ম ও ৩য় কোয়ার্টারে প্রাতিষ্ঠানিক ব্যবস্থার ১.৩ অনুচ্ছেদ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত অংশীজনের অংশগ্রহণে সভা আহবানের পরিকল্পনা রয়েছে। সে অনুযায়ী অংশীজনদের নিয়ে সভা আয়োজন করা যায়। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনাতে অংশীজনদের নিয়ে সভা ও সেবা গ্রহীতাদের জন্য দ্রুত সেবা নিশ্চিত বিষয়ে আলোচনা করা হয়।	ক) অংশীজনদের অংশগ্রহণে সভা আহবানের ব্যবস্থা করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কর্মকর্তা
৫.	অফিসের কর্ম পরিবেশ উন্নয়ন	প্রাতিষ্ঠানিক ব্যবস্থার ১.৫ অনুচ্ছেদ অনুযায়ী অফিসের কর্মপরিবেশ উন্নয়ন বিশেষ করে কোভিড ১৯ সংক্রমণ রোধে অফিসের সকল কর্মকর্তা-কর্মচারী কর্তৃক কঠোরভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করার বিষয়ে আলোচনা হয়। বিষয়টি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) কোভিড সংক্রান্ত সর্বশেষ সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ পরিচালক (প্রশাসন)
৬.	বিবিধ	সভাপতি কর্মকর্তা-কর্মচারী ও দর্শনাধীদের বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান, বাবান পানি দিয়ে হাত ধোঁতকরণ, হ্যান্ডস্যানিটাইজার ব্যবহারকরণ, অফিসকক্ষ, করিডোর ও শৌচাগার নিয়মিতভাবে হারপিক, ফিনাইল, ব্লিচিংপাউডার ব্যবহারের মাধ্যমে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	কোভিড ১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে সামাজিক ও শারীরিকদূরত্ব বজায় রেখে দাপ্তরিক কার্যাদি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কর্মকর্তা

৩। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সম্পাদিত ঘোষণা করেন।



(মোঃ আবু বকর সিদ্দিক)

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

ফোন: +৮৮০-২-৪১০৫৩৮৬


ই-মেইল: [cpeimu@gmail.com](mailto:cpeimu@gmail.com)

স্মারকনং: ৩৮.২০৫.০০১.০০.০০.০০৮.২০১৩-১১৮

তারিখ: ১৬ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
২৮ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০১। সচিব মহোদয়ের একান্তসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। উপ পরিচালক (সকল), .....। এইউনিট।
- ০৩। সহকারী পরিচালক (প্রশাসন), এ ইউনিট।
- ০৪। আইন কর্মকর্তা, এ ইউনিট।
- ০৫। হিসাব রক্ষণ অফিসার, এ ইউনিট।
- ০৬। জনাব/বেগম....., এ ইউনিট।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
মোহাম্মদ রুকুনুদ্দীন সরকার  
উপপরিচালক (অর্থ ও হিসাব)